





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ  
(Bangladesh Road Transport Authority)



# সেবা সহজিকরণের ডকুমেন্টেশন





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ  
(উদ্ভাবন প্রদর্শনী)



উদ্ভাবনের নম : মোবাইল মেসেজ ও এন্ড্রয়েড এপের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের স্ট্যাটাস জানা  
উদ্ভাবক : এ.এইচ.এম. আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটর(১ম শ্রেণী)

উদ্দেশ্য: ড্রাইভিং লাইসেন্সের আবেদন করার পর তা প্রিন্টিংয়ের কোন পর্যায়ে আছে তার জানার জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিসে এসে জানতে হতো। এতকরে তার সময় ও যাতায়াত খচর অবচয় হতো। এসমস্যা নিরসনের লক্ষ্যে মোবাইল মেসেজের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের স্ট্যাটাস জানার প্রক্রিয়া চালু করা হয়। এর ফলে আবেদনকারী বর্তমানে ঘরে বসে তার মোবাইলের মেসেজের মাধ্যমে ড্রাইভিং লাইসেন্স প্রস্তুতের স্ট্যাটাস জানতে পারে।

সেবা গ্রহণের প্রক্রিয়া:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন “DL<Space>Refrence no.”এবং মেসেজটি পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। যেমন- আপনার ড্রাইভিং লাইসেন্স এর রেফারেন্স নম্বর যদি DM2P045 হয় তবে মেসেজ লিখবেন এভাবে:


DL DM2P045

এরপর ২৬৯৬৯ এ মেসেজ সেন্ড করবেন। ফিরতি মেসেজে আপনার ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং-এর বর্তমান স্ট্যাটাস জানানো হবে।

Android App:

এছাড়াও “DL Checker” নামক এন্ড্রয়েড App-এর মাধ্যমে ড্রাইভিং লাইসেন্সের প্রস্তুতের অবস্থা ও ড্রাইভিং লাইসেন্স যাই করা যায়।

App-এ প্রথমে জন্ম তারিখ সঠিকভাবে দিন। এরপর “DL No” নির্বাচন করলে ড্রাইভিং লাইসেন্স নাম্বার অথবা “Ref. No.” নির্বাচন করলে রেফারেন্স নাম্বার ইনপুট করে “Submit”-বাটনে ক্লিক করলে আপনার প্রয়োজনীয় তথ্য পেয়ে যাবেন।





গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ



**উদ্ভাবনের নম** : মোবাইল মেসেজের মাধ্যমে রেট্রোরিক্লেকটিভ নম্বর প্লেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের স্ট্যাটাস জানা।

**উদ্ভাবক** : এ.এইচ.এম. আনোয়ার পারভেজ, সিনিয়র কম্পিউটার অপারেটর(১ম শ্রেণী)

### উদ্দেশ্য:

বর্তমানে মোটরযান নিবন্ধন করার পর রেট্রোরিক্লেকটিভ নম্বর প্লেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের কোন্ পর্যায়ে আছে তা জানার জন্য আবেদনকারীকে সংশ্লিষ্ট অফিসে এসে জানতে হতো। এতে করে তার সময় ও যাতায়াত খরচ অপচয় হয়। এসমস্যা নিরসনের লক্ষ্যে মোবাইল মেসেজের মাধ্যমে রেট্রোরিক্লেকটিভ নম্বর প্লেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের স্ট্যাটাস জানার প্রক্রিয়া চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়। এর ফলে আবেদনকারী ঘরে বসে মোবাইলের মেসেজের মাধ্যমে তার মোটরযানের রেট্রোরিক্লেকটিভ নম্বর প্লেট ও ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের স্ট্যাটাস জানতে পারবেন।

### সেবা গ্রহণের প্রক্রিয়া:

#### রেট্রোরিক্লেকটিভ নম্বর প্লেট:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন “NP”এবং মেসেজটি পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। এখানে উল্লেখ্য যে, মোটরযানের মালিকের নিজের মোবাইল অর্থাৎ ব্যাংকে টাকা জমা দেওয়ার সময় যে মোবাইল নাম্বার দেওয়া হয়েছে সে মোবাইল থেকে মেসেজ পাঠতে হবে।

যেমন- টাইপ করুন : NP এবং পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। ফিরতি মেসেজে আপনার রেট্রোরিক্লেকটিভ নম্বর প্লেট প্রস্তুতের বর্তমান স্ট্যাটাস জানানো হবে।

#### ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট:

মোবাইলের মেসেজ অপশনে গিয়ে টাইপ করুন “NP<space>DRC”এবং মেসেজটি পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। এখানে উল্লেখ্য যে, মোটরযানের মালিকের নিজের মোবাইল অর্থাৎ ব্যাংকে টাকা জমা দেওয়ার সময় যে মোবাইল নাম্বার দেওয়া হয়েছে সে মোবাইল থেকে মেসেজ পাঠতে হবে।

যেমন- টাইপ করুন : NP DRC এবং পাঠিয়ে দিন ২৬৯৬৯ নাম্বারে। ফিরতি মেসেজে আপনার ডিজিটাল রেজিস্ট্রেশন সার্টিফিকেট প্রস্তুতের বর্তমান স্ট্যাটাস জানানো হবে।